

ঈশ্বর কে?

সত্য ঈশ্বর কে এবং তাঁর নাম কী? (১, ২)

তাঁর কী প্রকৃতির দেহ রয়েছে? (৩)

তাঁর বিশিষ্ট গুণগুলি কী? (৪)

তাঁর উপাসনায় কী প্রতিমা এবং প্রতীক চিহ্নগুলি আমাদের ব্যবহার করা উচিত? (৫)

দুটি কী উপায়ে আমরা ঈশ্বর সম্বন্ধে শিখতে পারি? (৬)



১. লোকে বিবিধ বস্তুর উপাসনা করে থাকে। কিন্তু বাইবেল আমাদের বলে যে একমাত্র একজনই সত্য ঈশ্বর আছেন। তিনি স্বর্গে এবং পৃথিবীর উপরে সমস্ত কিছুর সৃষ্টি করেছিলেন। যেহেতু তিনি আমাদের জীবন দিয়েছিলেন, একমাত্র তাঁকেই আমাদের উপাসনা করা উচিত।

—১ করিন্থীয় ৮:৫, ৬; প্রকাশিত বাক্য ৪:১১.

২. ঈশ্বরের বহু আখ্যা রয়েছে কিন্তু তাঁর শুধুমাত্র একটিই নাম আছে। সেই নাম হল যিহোবা। অধিকাংশ

বাইবেলেই, ঈশ্বরের নামকে অপসারিত করা হয়েছে এবং প্রভু অথবা ঈশ্বর আখ্যাগুলি দ্বারা তা পরিবর্তিত করা হয়েছে। কিন্তু যখন বাইবেল লেখা হয়েছিল, যিহোবা এই নাম সেখানে প্রায় ৭,০০০ বার উল্লেখিত ছিল!—যাত্রাপুস্তক ৩:১৫; গীতসংহিতা ৮৩:১৮.

৩. যিহোবার একটি দেহ আছে, কিন্তু তা আমাদের মত নয়। “ঈশ্বর আত্মা,” বাইবেল বলে। (যোহন ৪:২৪) কোন আত্মা হল এক ধরনের জীবন যা আমাদের চেয়ে

অনেক বেশি উচ্চ পর্যায়ের। কোন মানুষ কখনও ঈশ্বরকে দেখেনি। যিহোবা স্বর্গে বাস করেন, কিন্তু তিনি সকল বিষয় দেখতে পান। (গীতসংহিতা ১১:৪, ৫; যোহন ১:১৮) কিন্তু, তাহলে, পবিত্র আত্মা কী? এটি ঈশ্বরের মত কোন ব্যক্তি নয়। বরং, এটি হল ঈশ্বরের কার্যকারী শক্তি।—গীতসংহিতা ১০৪:৩০।

আমরা ঈশ্বর সম্বন্ধে
সৃষ্টি থেকে এবং
বাইবেল থেকে
শিখি

৪. বাইবেল যিহোবার ব্যক্তিত্বকে আমাদের কাছে প্রকাশ করে। এটি দেখায় যে তাঁর বিশিষ্ট গুণগুলি হল প্রেম, ন্যায়বিচার, প্রজ্ঞা এবং শক্তি। (দ্বিতীয় বিবরণ ৩২:৪; ইয়োব ১২:১৩; যিশাইয় ৪০:২৬; ১ যোহন ৪:৮) বাইবেল আমাদের বলে যে এছাড়াও তিনি করুণাময়, দয়াবান্, ক্ষমাশীল, মহৎ এবং ধৈর্যশীল। আমাদের উচিত, বাধ্য সন্তানদের মত, তাঁকে অনুকরণ করতে চেষ্টা করা।—ইফিযীয় ৫:১, ২।

৫. আমাদের উপাসনায় প্রতিমা, চিত্র, অথবা প্রতীক চিহ্নগুলির সামনে প্রণিপাত করা বা প্রার্থনা করা কি আমাদের উচিত হবে? না! (যাত্রাপুস্তক ২০:৪, ৫) যিহোবা বলেন যে আমরা অবশ্যই একমাত্র তাঁকেই উপাসনা করব। তাঁর মহিমা তিনি অন্য কারও বা অন্য কিছুর সাথে বণ্টন করে নেন না। আমাদের সাহায্য করতে প্রতিমাগুলির কোন শক্তিই নেই।—গীতসংহিতা ১১৫:৪-৮; যিশাইয় ৪২:৮।

৬. কিভাবে আমরা আরও উত্তমরূপে ঈশ্বরকে জানতে পারি? একটি উপায় হল, যে বস্তুগুলি তিনি সৃষ্টি করেছেন সেগুলিকে লক্ষ্য করা এবং তারা আমাদের যা জানায় সে সম্পর্কে গভীরভাবে চিন্তা করার দ্বারা। ঈশ্বরের সৃষ্টিসকল আমাদের দেখায় যে তাঁর অসীম ক্ষমতা ও প্রজ্ঞা রয়েছে। তিনি যা কিছু সৃষ্টি করেছেন তার মধ্যে আমরা তাঁর প্রেমকে দেখতে পাই। (গীতসংহিতা ১৯:১-৬; রোমীয় ১:২০) আর একটি উপায়ে আমরা ঈশ্বর সম্বন্ধে শিখতে পারি, তা হল বাইবেল অধ্যয়ন করার দ্বারা। তিনি কী প্রকৃতির ঈশ্বর তা এর মাধ্যমে অনেক বেশি করে আমাদের তিনি বলেছেন। তাঁর উদ্দেশ্য এবং তিনি যা চান আমরা করি সেই সম্বন্ধেও তিনি আমাদের বলেছেন।—আমোষ ৩:৭; ২ তীমথিয় ৩:১৬, ১৭।

